

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেট
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd


স্মারক নং- ৩১.০২.০০০০.৩৪.০০২.৪-১.২০০৪(অংশ-২). ৪৫

তারিখঃ ০৪-০৪-২০২২খ্রিঃ।

বিষয়ঃ কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা এর “আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি” প্রকাশ
প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা এর
“আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি” টি (কপি সংযুক্ত) আপনার পত্রিকার বিজ্ঞাপন বিভাগে প্রকাশের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক যুগান্তর,
ক-২৪৪, প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড)
বারিধারা, ঢাকা-১২২৯।


(মোঃ আবু মাসুদ)
ম্যানেজার(অতি: দায়িত্ব)
কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেট
ও
উপভূমি সংস্কার কমিশনার-২
(উপসচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

অনুলিপিঃ

- (১) সহকারী ভূমি সংস্কার কমিশনার-১(প্রশাসন), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ভূমি সংস্কার বোর্ডের নোটিশ বোর্ডে
প্রকাশের অনুরোধসহ);
- (২) সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেট
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দিন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা
www.lrb.gov.bd



স্মারক নং ৩১.০২.০০০০.৩৪.০০২.৪-১.২০০৪ (অংশ-২) - ৪৮

তারিখ: ০৪.০৪.২০২২

কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেটের পক্ষে মোকদ্দমায় আইনগত প্রতিদ্বন্দ্বিতা করার জন্য নিম্নলিখিত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

০১। প্রার্থীগণকে অবশ্যই

(ক) বার কাউন্সিলের সনদভুক্ত একজন আইনজীবী হতে হবে;

(খ) বাংলাদেশের একজন নাগরিক হতে হবে;

(গ) মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে এস্টেটের পক্ষে আইনগত প্রতিদ্বন্দ্বিতা করার জন্য রিট পিটিশন ও দেওয়ানি মোকদ্দমায় কমপক্ষে ০৮ (আট) বছর প্রাকটিসের অভিজ্ঞতা থাকতে হবে। মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে এস্টেটের পক্ষে আইনগত প্রতিদ্বন্দ্বিতা করার জন্য কমপক্ষে ০৫ (পাঁচ) বছর প্রাকটিসের অভিজ্ঞতা থাকতে হবে।

(ঘ) বিজ্ঞ জেলা জজ আদালতে দেওয়ানি মোকদ্দমায় কমপক্ষে ১০ (দশ) বছর প্রাকটিসের অভিজ্ঞতা থাকতে হবে।

(ঙ) কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেটের বিপক্ষে মোকদ্দমা পরিচালনাকারী কোন আইনজীবী আবেদন করতে পারবেন না।

০২। এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ কার্যদিবসের মধ্যে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮, শহীদ তাজউদ্দিন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা সম্মুখীন করে ০২ (দুই) কপি আবেদনপত্র অবশ্যই পৌঁছাতে হবে; আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত বিবরণ ও দলিলাদি থাকতে হবে:

(ক) পূর্ণ নাম (স্পষ্টভাবে) (খ) পিতার নাম ও মাতার নাম এবং জাতীয় পরিচয় পত্রের ক্রমিক নাম্বার (গ) স্থায়ী ঠিকানা (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) আইনজীবী হিসেবে তালিকাভুক্ত হওয়ার তারিখ (জ) আইন পেশায় জেলা জজ আদালতে ও সুপ্রীমকোর্টে অভিজ্ঞতার মেয়াদ (ঝ) তালিকাভুক্ত আইনজীবী হিসেবে পূর্ব অভিজ্ঞতা (ঞ) বর্তমানে তালিকাভুক্ত আইনজীবী হিসেবে কোন প্রতিষ্ঠানে কর্মরত কিনা (যদি কার্যরত থাকেন, তবে অনুগ্রহপূর্বক বিস্তারিত বিবরণ দিবেন)। (ট) বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত আইন পেশার ও সংশ্লিষ্ট বার কাউন্সিলের সদস্য পদের সনদপত্র সহ সকল সনদপত্রের ০১ (এক) প্রত্ন অনুলিপি (ঠ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি।

০৩। আবেদনপত্রের খামের উপর "মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ/ ঢাকা জেলা জজ আদালত এর যেকোন একটি আদালতে প্রাকটিসের লক্ষ্যে তালিকাভুক্ত আইনজীবী হিসেবে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদন" কথাটি লিখতে হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

মোঃ আবু মাসুদ
ম্যানেজার(অতি: দায়িত্ব)
কোর্ট অব ওয়ার্ডস ভাওয়াল রাজ এস্টেট

ও

উপভূমি সংস্কার কমিশনার -০২
(উপসচিব)

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।